

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

নং ৭৫৬(৪)
/২০১৭ এস,সি (এডি)

তারিখঃ ২৬/৫/১৭

বিজ্ঞপ্তি

রীট পিটিশন নং ৫১৭/২০০৯ মোকদমা হতে উদ্ধৃত সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং ১৮৭৯/২০১৪ এর রায় বাস্তবায়নের জন্য কনটেম্পট পিটিশন নং-৯৫/২০১৬ এর আলোকে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের পত্র নং- ১০.০০. ০০০০.১২৬.০৪.০৩১.১৪-৯৮, তারিখ ২৬/০৪/২০১৭খ্রিঃ অনুযায়ী এবং বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় উহা সদয় অনুমোদন করায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের সুপারিনটেনডেন্ট এর বেতন স্কেল জাতীয় বেতন স্কেল-২০০৯ মোতাবেক ৮০০০-১৬৫৪০/- (১০ম গ্রেড) টাকা হতে ১৫০০০-২৬২০০/- (গ্রেড-৭ম) টাকায় উন্নীত করা হলো, যা প্রাপ্যতার তারিখ হতে কার্যকর হবে।

রীটকারী জনাব মোঃ আবু তাহের ভূঞা গত ১৬/০৬/২০০২ খ্রিঃ তারিখে সুপারিনটেনডেন্ট পদে যোগদান করেন। সুতরাং মহামান্য হাইকোর্ট এর রায় অনুযায়ী রীটকারীর যোগদানের তারিখ হতে তিনি এবং আপীল বিভাগের যে সকল সুপারিনটেনডেন্ট কর্মরত ছিলেন ও বর্তমানে কর্মরত সুপারিনটেনডেন্টগণ উক্ত সুবিধাদি প্রাপ্য হবেন।

ক্রমিক নং	নাম	সুপারিনটেনডেন্ট পদে যোগদানের তারিখ	সুপারিনটেনডেন্ট পদে কর্মরত সময়	মন্তব্য
১	২	৩	৪	৫
১.	জনাব মোঃ আবু তাহের ভূঞা	১৬/০৬/২০০২খ্রিঃ	৩১/০৮/২০১৫খ্রিঃ পর্যন্ত	০১/০৯/২০১৫খ্রিঃ তারিখে সহকারী রেজিস্ট্রার পদে পদোন্নতি।
২.	জনাব এফ, এ, আমিনুল হক	১৬/০৬/২০০২খ্রিঃ	১০/০৬/২০০৬খ্রিঃ	০১/০১/২০১৭খ্রিঃ তারিখে সহকারী রেজিস্ট্রার হিসাবে অবসর গ্রহণ।
৩.	জনাব জহিরুল আলম ভূঁইয়া	১৬/০৬/২০০২খ্রিঃ	০৪/০১/২০১৭খ্রিঃ	০৫/০১/২০১৭খ্রিঃ তারিখে সহকারী রেজিস্ট্রার পদে পদোন্নতি।
৪.	জনাব ইসতেয়াক উদ্দীন আহমদ	২৮/১২/২০০৬খ্রিঃ	অদ্যাবধি	
৫.	জনাব রামচন্দ্র বণিক	১৬/০২/২০১৭খ্রিঃ	অদ্যাবধি	

জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

আদেশক্রমে,

স্বাক্ষর :

(মোঃ জাকির হোসেন)
রেজিস্ট্রার।

নং- /২০১৭এসসি (এডি)

তারিখঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাও, ঢাকা। তাঁকে এটি বাংলাদেশ গেজেটে অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করতঃ এর ৫০(পঞ্চাশ) কপি অত্র কোর্টে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। প্রধান হিসাবরক্ষক কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮ (৫ম তলা) সিজিএ অফিস ভবন, সেকেন্ডবাগিচা, ঢাকা।
- ৪। শ্রীপ্রাণার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (অনলাইনে প্রচারের জন্য)।
- ৫। জনাব মোঃ আবু তাহের ভূঞা সহকারী রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ৬। জনাব এফ, এ, আমিনুল হক, প্রাক্তন সহকারী রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ৭। জনাব জহিরুল আলম ভূঁইয়া, সহকারী রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ৮। জনাব ইসতেয়াক উদ্দীন আহমদ, সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ৯। জনাব রামচন্দ্র বণিক, সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ১০। হিসাবরক্ষক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ১১। অফিস কপি।

স্বাক্ষর
(জেমস রিচার্ড ক্রুশ)
ডেপুটি রেজিস্ট্রার।